ইরানি ড্রোনের ধ্বংসাবশেষে আমিরাতে বাংলাদেশির মৃত্যু



ইরানি ড্রোনের ধ্বংসাবশেষ। ছবি: সংগৃহীত

সংযুক্ত আরব আমিরাতের ফুজাইরাহতে ড্রোনের ধ্বংসাবশেষ পড়ে এক বাংলাদেশি নিহত হয়েছেন। জানা যায়, আকাশে প্রবেশের পর ড্রোনটি প্রতিরোধ করে ভূপাতিত করা হলেও এর ভাঙা অংশ নিচে পড়ে ওই ব্যক্তির ওপর আঘাত হানে, এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

বুধবার (১ এপ্রিল) দেশটির সরকারি সংবাদ সংস্থা ডব্লিউএএম এ তথ্য নিশ্চিত করেছে। তবে নিহত ব্যক্তির পরিচয় এখনো প্রকাশ করা হয়নি। আন্তর্জাতিক সংবাদমাধ্যম আল জাজিরাও এ বিষয়ে প্রতিবেদন প্রকাশ করেছে।

প্রাথমিকভাবে জানা গেছে, নিহত বাংলাদেশি ফুজাইরাহর আল রিফা এলাকায় একটি খামারে কর্মরত ছিলেন।

এদিকে, এ ধরনের ঘটনায় বিভ্রান্তি এড়াতে শুধুমাত্র সরকারি সূত্র থেকে তথ্য গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সবাইকে সতর্ক থাকার আহ্বান জানিয়েছে।

LENS ASIA